কালের কণ্ঠ

তারিখ : 30 APR 2013
পৃষ্ঠা : ২৮ কলাম : ৩

# ভূমিকম্পে সখীপুরে পাঁচ স্কুলে ফাটল

সখীপুর (টাঙ্গাইল) প্রতিনিধি ▷

ভূমিকম্পে টাঙ্গাইলের সখীপুর উপজেলার পাঁচটি প্রাথমিক বিদ্যালয়ের ভবনের বিভিন্ন স্থানে ফাটল দেখা দিয়েছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, দুই দফা ভূমিকম্পে উপজেলার বেতুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, কৈয়ামধু সরকারি প্রাথমিক বিদ্যালয়, নিশ্চিন্তপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, উত্তর কালমেঘা ও বগা প্রতিমা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবনে ফাটল দেখা দিয়েছে। বিদ্যালয়গুলোর ঝুঁকিপূর্ণ ভবনেই আতঙ্কের মধ্যে চলছে শিক্ষার্থীদের প্রথম সাময়িক পরীক্ষা।

নিশ্চিন্তপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা লাইলী আক্তার জানান, বিদ্যালয়ের চার কক্ষবিশিষ্ট ভবনের দুই পাশে ভূমিকম্পে ফাটল দেখা দেওয়ায় মাঝের একটি কক্ষে শিক্ষার্থীদের পরীক্ষা নেওয়া হচ্ছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আমিনুল হক বলেন, ফাটল দেখা দেওয়া বিদ্যালয়গুলোর ভবনের তথ্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানো হয়েছে।